

💵 রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪৫০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৪২]

১৫/ যিকির-আযকার প্রসঙ্গে (کتاب الأذكار)

পরিচ্ছেদঃ ২৪৪: যিকির তথা আল্লাহকে স্মরণ করার ফযীলত ও তার প্রতি উৎসাহ দান

(244) بَابُ فَضْلِ الذِّكْرِ وَالْحَتِّ عَلَيْهِ

আরবী

وعن سعد بن أبي وقاص رضي الله عنه أنه دخل مع رسول الله صلى الله عليه وسلم على امرأة وبين يديها نوى _أو حصى_ تسبح به فقال: "أخبرك بما هو أيسر عليك من هذا _ أو أفضل" فقال: "سبحان الله عدد ما خلق في السماء، وسبحان الله عدد ما خلق في الأرض، وسبحان الله عدد ما بين ذلك، وسبحان الله عدد ما هو خالق، والله أكبر مثل ذلك، والحمد لله مثل ذلك، ولا إله إلا الله مثل ذلك، ولا حول ولا قوة إلا بالله مثل ذلك". ((رواه الترمذي وقال: حديث حسن)).

বাংলা

৩৫/১৪৫০। সা'দ ইবনু আবী ওয়াক্কাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাথে জনৈক মহিলার নিকট গেলেন। তার সম্মুখে তখন খেজুরের বিচি বা কাঁকর ছিল। সেণ্ডলোর সাহায্যে তিনি তাসবীহ গণনা করছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমাকে আমি কি এমন বিষয়ের কথা জানাবো যা তোমার জন্য এর চেয়ে সহজ বা এর চেয়ে উত্তম? তা হচ্ছে, "সুবহানাল্লাহি 'আদাদা মা খালাকা ফিস্ সামায়ি" (আমি আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি সেই সব জিনিসের সমসংখ্যক যা তিনি আকাশে সৃষ্টি করেছেন) "ওয়া সুবহানাল্লাহি 'আদাদা মা খালাকা ফিল আর্যি" (আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি সেসব বস্তুর সমসংখ্যক যা তিনি দুনিয়াতে সৃষ্টি করেছেন) "ওয়া সুবহানাল্লাহি 'আদাদা মা বাইনা যালিক" (পবিত্রতা বর্ণনা করছি সেই সকল জিনিসের সমান যা ঐ দু'টির মাঝে রয়েছে) "ওয়া সুবহানাল্লাহি 'আদাদা মা হুয়া খালিকুন" (পবিত্রতা বর্ণনা করছি সেই সব জিনিসের সমসংখ্যক তিনি যার স্রষ্টা) আর "আল্লাহু আকবার বাক্যটিও এভাবেই পাঠ করে, "লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহি" বাক্যটিও এরূপেই পাঠ কর, "লা- ইলা- হা ইল্লাল্লাহ্ " বাক্যটিও এভাবেই পাঠ কর, "লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহি" বাক্যটিও এরূপেই পাঠ কর। (তিরমিয়া হাদিসটিকে হাসান বলেছেন)[1]

English



(244) Chapter: The Excellence of the Remembrance of Allah

Sa'd bin Abu Waqqas (May Allah be pleased with him) reported: The Messenger of Allah (ﷺ) and I went to see a woman. She had datestones or pebbles in front of her, and she was counting and reciting Tasbih. ['Subhan-Allah' (Allah is free from imperfection)]. He said, "Shall I not inform you of what is easier or better than this for you?" You should say: 'Subhan-Allahi 'adada ma khalaqa fis-sama', wa subhan-Allahi 'adada ma khalaqa filardi, wa subhan-Allahi 'adada ma baina dhalika, wa subhan-Allahi 'adada ma Huwa Khaligun, wallahu Akbaru mithla dhalika, wal-hamdu lillahi mithla dhalika, wa la ilaha illallahu mithla dhalika, wa la hawla wa la guwwata illa billahi mithla dhalika (Subhan-Allah, equal to the number of what He created in the heaven; and Subhan-Allah, equal to the number of His creatures in the earth; and Subhan-Allah, equal to the number in between them; and Subhan-Allah equal to the number of those He will create).' Then say: 'Allahu Akbar' (Allah is Greatest) in the same way. Then say: 'Al-hamdu lillah' (praise be to Allah) in the same way. Then say: 'La ilaha illallah' (there is no true god except Allah) in the same way. Then say: 'La hawla wa la guwwata illa billah' (there is no change of a condition nor power except by Allah) in the same manner."

[At-Tirmidhi].

Commentary: Sheikh Al-Albani has accepted this Hadith as Hasan because of the defect in its authority. He has stated that the original narration of it is without any reference to gravels and stones (of fruits) and that is "Sahih" and has been mentioned by Imam Muslim in his Sahih with reference to Jawairiyah (May Allah be pleased with her). (See Riyad-us-Saliheen, edited by Sheikh Al-Albani).

ফুটনোট

[1] আমি (আলবানী) বলছিঃ ইমাম তিরমিয়ী এরূপ বলেছেন, অথচ এর সনদে অজ্ঞতা রয়েছে যেমনটি আমি "আত্তা'লীকু আলাল কালিমিত তাইয়্যিব" গ্রন্থে বর্ণনা করেছি (পৃ ২৭) এবং শাইখ হাবাশীর প্রতিবাদ করতে গিয়েও আমি আলোচনা করেছি। 'নাওয়া' অথবা 'হাসা'র সাথে সম্পৃক্ত অংশ উল্লেখ করা ছাড়া হাদীসটির মূল অংশ সহীহ্। এটিকে ইমাম মুসলিম তার সহীহ্ গ্রন্থে (২৭২৬) জুওয়াইরিয়ার হাদীস হতে বর্ণনা করেছেন।

[(যদিও ভাষায় ভিন্নতা রয়েছে)। ভিন্ন ভাষায় তিরমিযীতেও (১৫৭৪) সহীহ্ হিসেবে বর্ণিত হয়েছে]। আবূ দাউদ ১৫০০, তিরমিযী ৩৫৬৮।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন